



## জাতীয় বিশ্ববিদ্যালয়

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীগবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৮-২০১৯/ ২০৫৯

তারিখ: ১২/১১/২০১৮

### ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ও কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়নের সময়সূচি সম্পর্কিত জরুরি বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ১৩ নভেম্বর ২০১৮ তারিখ বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৭ নভেম্বর ২০১৮ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে আগ্রহী প্রার্থীদের উক্ত আবেদন ফরম অনলাইনে পূরণ করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকাসহ আবেদন ফরমে উল্লিখিত কলেজে ২৮ নভেম্বর ২০১৮ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ ভর্তি কার্যক্রমের ক্লাস ১২ ডিসেম্বর ২০১৮ তারিখ থেকে শুরু হবে। এ ভর্তি কার্যক্রমের সকল তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) থেকে জানা যাবে। [webresultbd.com](http://webresultbd.com)

উল্লেখ্য যে, কলেজ কর্তৃক যে সকল প্রার্থীর প্রাথমিক আবেদন নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে নিশ্চয়ন করা হবে না, সে সকল প্রার্থীকে মেধা তালিকায় স্থান দেয়া হবে না অর্থাৎ তারা এ ভর্তি কার্যক্রমে অর্ন্তভুক্ত হবে না। একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোন শিক্ষার্থী স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী প্রাথমিক আবেদন ফরম পূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করতে হবে

ক্রমিক	করণীয়	তারিখ
১।	অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণের তারিখ: প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট ( <a href="http://www.nu.ac.bd/admissions">www.nu.ac.bd/admissions</a> ) এর Degree Pass Tab এর Apply Now (Degree Pass) অপশনে ক্লিক করে প্রাথমিক আবেদন ফরম পূরণ করতে হবে। <a href="http://webresultbd.com">webresultbd.com</a>	১৩/১১/২০১৮ থেকে ২৭/১১/২০১৮
২।	প্রার্থীর প্রিন্ট করা প্রাথমিক আবেদন ফরমটির নির্ধারিত স্থানে স্বাক্ষর করে আবেদন ফি বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকাসহ প্রয়োজনীয় কাগজপত্র আবেদন ফরমে উল্লিখিত কলেজে জমা দেয়ার তারিখ:	১৪/১১/২০১৮ থেকে ২৮/১১/২০১৮
৩।	কলেজ কর্তৃক অনলাইনে প্রাথমিক আবেদন ফরম নিশ্চয়ন করার তারিখ: <a href="http://webresultbd.com">webresultbd.com</a>	১৪/১১/২০১৮ থেকে ২৯/১১/২০১৮
৪।	কলেজ কর্তৃক প্রার্থীদের প্রাথমিক আবেদন ফি'র জাতীয় বিশ্ববিদ্যালয়ের অংশ [প্রার্থী প্রতি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে] "সোনালী সেবা" এর মাধ্যমে সংশ্লিষ্ট খাতে (ভর্তি ফান্ড) যে কোন সোনালী ব্যাংক শাখায় জমা দেয়ার তারিখ: [কলেজকে Login এর মাধ্যমে Application Payment Info (Deg. Pass) অপশনে ক্লিক করে Pay Slip ডাউনলোড করতে হবে এবং এর প্রিন্ট কপি নিয়ে যে কোন 'সোনালী সেবা' প্রদানকারী নিকটস্থ সোনালী ব্যাংক শাখায় নির্ধারিত ফি জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।]	০২/১২/২০১৮ থেকে ০৬/১২/২০১৮
<b>দৃষ্টি আকর্ষণ</b>		
২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণির ভর্তি কার্যক্রমে সংশ্লিষ্ট কলেজের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে বরাদ্দকৃত User ID, Password এবং One Time Password (OTP) বহাল থাকবে। তবে নতুন অধিভুক্ত কলেজসমূহের জন্য User ID, Password এবং One Time Password (OTP) পেতে মোবাইল নম্বর ও ই-মেইল এ্যাড্রেসসহ ডীন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর আবেদন করতে হবে।		

স্বাক্ষরিত/-

(প্রফেসর ড. মোঃ নাসির উদ্দিন)

ডীন (ভারপ্রাপ্ত), স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪

ফোন : ৯২৯১০৬৮, ৯২৯২০৮৪

ই-মেইল- [deanug@nubd.info](mailto:deanug@nubd.info)

তারিখ: ১২/১১/২০১৮

স্মারক নং-০৬(১০১)অংশ-৩/জাতীগবিঃ/রেজিঃ/অ্যাকাঃ/ভর্তি/২০১৮-২০১৯/ ২০৫৯

অনুলিপি :

- সকল বিভাগীয় প্রধান, জাতীয় বিশ্ববিদ্যালয়।
- সচিব, ভাইস চ্যান্সেলর এর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- সচিব, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, ভর্তি ও রেজিস্ট্রেশন সেল, জাতীয় বিশ্ববিদ্যালয়
- সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
- অফিস কপি।

(মোহাম্মদ হোসেন)

উপ-রেজিস্ট্রার (ডিগ্রী পাস)

স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪